



Let us join

.. for the people, to serve the people

৩রা জুলাই ২০১৬
রবিবার

মাননীয়

জয়ন্তবাবু,

প্রথমেই জানাই নমস্কার ও অভিবাদন।

লবণহৃদ উপনগরীর সঙ্গে বিশেষত বিই ব্লকের বাসিন্দাদের সঙ্গে কর্মসূত্রে আপনার দীর্ঘ ও ঘনিষ্ঠ পরিচয়। সেই সূত্রেই আমরা আপনার জটিল শারীরিক সমস্যার কথা জানতে পেরেছি। ২০১৪ সালে এপ্রিল মাসে ব্যাঙ্গালোর শহরে আপনার একটি জটিল ও দুরূহ অস্ত্রোপচার হয়।

মস্তিষ্কের টিউমারের এই বিপজ্জনক অস্ত্রোপচারটি অনেকাংশে সফল হলেও সম্ভবত এর ফলেই আপনার শ্রবণযন্ত্র দুটি ক্ষতিগ্রস্ত হয়। চিকিৎসকদের পরামর্শ অনুসারে ২০১৬ সালের প্রথম দিকে কৃত্রিম শ্রবণযন্ত্র কিনে ব্যবহার শুরু করেছেন আপনি — অন্যথায় আপনার কর্মজীবন/জীবিকার্জন সুষ্ঠুভাবে চালনা করাই অসম্ভব ছিল।

আপনার এই ইতিবাচক চেষ্টিকে আমরা সম্মান জানাই। এই সব প্রতিবন্ধকতাকে জয় করে আপনি আপনার কাজের প্রতি একনিষ্ঠতা অক্ষুন্ন রেখেছেন। প্রতিদিন ভোরবেলা আপনার হাত থেকে আমরা পছন্দের সংবাদপত্রটি পেয়ে থাকি। আপনার শারীরিক সমস্যা কখনোই কোনো ভ্রান্তি বা বিলম্বের কারণ হয়নি। স্ত্রী ও দুই কন্যাকে নিয়ে সুখী সংসারটির প্রতি আপনার যত্ন ও সচেতনতার খবরও আমাদের অজানা নয়। কন্যাদুটির যথাযথ শিক্ষার ব্যবস্থায় আপনি একাগ্র ও সচেষ্ট। সুস্থ ও সুন্দরভাবে বাঁচার প্রেরণাই আপনার লড়াইয়ের মূলমন্ত্র।

আপনার এই সংগ্রামকে কুর্গিশ জানাই। একে সম্মান জানাবার উদ্দেশ্যে আমাদের সংস্থা সামান্য আর্থিক সহায়তার সিদ্ধান্ত নিয়েছে। আপনি এটি গ্রহণ করলে আমাদের উদ্দেশ্য সফল হবে।

আপনার সুস্থ ও সুখী জীবন কামনা করি।

ধন্যবাদ সহ

লেট আস জয়েন

বিই ব্লক